দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ 07 NOV 1984
পৃষ্ঠা 1 কলাম 5

28

## যশোর বোর্ড : এইচএসসি পাশের হার ৩০ ভাগ

(স্টাফ রিপোর্টার)

যশোর, ৬ই নবেম্বর।— যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার পাসের হার মাত্র

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ড

(১-এর পৃঃ পর)

শতকরা ৩০ ভাগ হবে বলে জানা গেছে। আগামী ১০ই নবেম্বর অপর ৩টি শিক্ষা বোর্ডের সঙ্গে যশোর বোর্ডেরও এইচএসসির ফল প্রকাশিত হবে।

এবার মেধা তালিকায় ১ম থেকে ১০ম স্থান পর্যন্ত অধিকার করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্ররা। প্রথম স্থান অধিকারী ছাত্র পেয়েছে মোট ৯১৬ নম্বর।

একজন কর্মকর্তা জানান, চতুর্থ বিষয় হিসাবে শুধুমাত্র ক্যাডেট কলেজের প্রকৌশলী অংকন এবং ওয়ার্কশপ প্র্যাকটিসে ছাত্ররা শতকরা সর্বোচ্চ ৯৫ নম্বর করে পেয়েছে। এর ফলে ক্যাডেট কলেজের ছাত্ররা মেধা তালিকায় অধিকাংশ শীর্ষস্থান দখল করতে সক্ষম হয়েছে।

উল্লেখ্য, শুধু ক্যাডেট কলেজগুলোতেই ৪র্থ বিষয় হিসাবে প্রকৌশল অংকন এবং ওয়ার্কশপ প্র্যাকটিস পড়ানো হয়ে থাকে।